

স্পোর্টস ডেস্ক | খেলা | 01 May, 2025

বাংলাদেশ নারী ফুটবল দলের বিপক্ষে প্রীতি ম্যাচ খেলতে দল পাঠানোর আগ্রহ প্রকাশ করেছে চীন। বুধবার (৩০ এপ্রিল) অন্তর্বর্তী সরকারের যুব ও ক্রীড়া এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাতে এ আগ্রহের কথা জানান বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ওয়াও ওয়েন।

সাক্ষাতে উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব বলেন, বাংলাদেশের ক্রীড়াঙ্গনে উন্নয়নের অপার সম্ভাবনা রয়েছে। বর্তমানে দেশে ৫৫টি ক্রীড়া ফেডারেশন রয়েছে। ক্রিকেট ও ফুটবলের পাশাপাশি অন্যান্য খেলাতেও আন্তর্জাতিক মানে পৌঁছানোর সুযোগ আছে।

তিনি আরও বলেন, 'স্পোর্টস ইকোসিস্টেম' গড়ে তুলতে চীনের সহযোগিতা এবং কোচ ও খেলোয়াড়দের অলিম্পিক পর্যায়ের প্রশিক্ষণের ওপর গুরুত্বারোপ করা হচ্ছে।

চীনের রাষ্ট্রদূত ওয়াও ওয়েন বাংলাদেশের ক্রীড়া সম্ভাবনা নিয়ে উচ্ছ্বাস প্রকাশ করে বলেন, বাংলাদেশ-চীন বন্ধুত্ব আরও দৃঢ় করতে আমরা বাংলাদেশে একটি নারী ফুটবল দল পাঠাতে চাই। পাশাপাশি তিনি বাংলাদেশের জাতীয় ক্রিকেট দলকে চীনে একটি প্রীতি ম্যাচ খেলতে আমন্ত্রণ জানানোর কথাও উল্লেখ করেন।

রাষ্ট্রদূত জানান, বাংলাদেশের বিভিন্ন পর্যায়ের খেলোয়াড় ও কোচদের জন্য উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করতেও চীন প্রস্তুত।

বাংলাদেশ চীন প্রীতি ম্যাচ

Generated on 28 June, 2025 12:32

URL: <https://www.timestodaybd.com/sports/6542171699>